দৈনিক ইনকিলাব

তারিখ MAY 6 1999
পৃঃ 2 কলাম 7

# ঢাঃ বিঃ ক্যাম্পাসে ছাত্র লীগের দু'গ্রুপে সংঘর্ষ ঃ গুলী বর্ষণ

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল ও হল সংলগ্ন পলাশী মোড় এলাকায় গত রাতে মুজিববাদী ছাত্র লীগের আভ্যন্তরীণ কোন্দলের কারণে ৪/৫ রাউন্ড গুলী বর্ষণ এবং ১ জন ছাত্র লীগ ক্যাডারকে প্রতিপক্ষ কুপিয়ে মারাত্মকভাবে আহত করলে হলসহ পুরো এলাকায় তীব্র আতংক ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। এর আগে ছাত্র লীগ নেতা শামীম আহমদকে জহুরুল হক হল নিয়ন্ত্রণকারী ছাত্র লীগের অপর একটি গ্রুপ লাঞ্ছিত করে এবং তাকে হলের ভেতর আটকে রেখে তার মোবাইল ফোন ও

১৫-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ ক্যাম্পাসে সংঘর্ষ

প্রথম পৃষ্ঠার পর

প্রাইভেট কার কেড়ে নিয়ে ছেড়ে দেয়। এ ঘটনার পর গভীর রাতে পুলিশ জহুরুল হক হলে তল্লাশি চালায়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, জহুরুল হক হলে নিজ দলেরই এক সময়কার অনুগত ক্যাডারদের বিদ্রোহের কারণে ছাত্র লীগ নেতা ও ক্যাম্পাসের শীর্ষ স্থানীয় ক্যাডার শামীম আহমদ কয়েকদিন পূর্বে ঐ হল থেকে বিতাড়িত হবার পর গতকাল রাত সাড়ে ৮টার দিকে পলাশী মোড়ে আসে। অবশ্য বর্তমানে জহুরুল হক হল নিয়ন্ত্রণকারী ও ঐ হলের ছাত্র লীগ সভাপতি বাবুর সাথে ৩/৪ দিন আগে তার সমঝোতা হয়েছিল। কিন্তু গতকাল শামীম আহমদ পলাশী মোড়ে আসার পর বাবু তাকে ডেকে কৌশলে হলের গেটের ভেতর নিয়ে যায় এবং তাকে কিছুক্ষণ আটক করে রেখে গাড়ীর চাবি ও মোবাইল ফোন কেড়ে নিয়ে যায়। পরে বাবুর লোকজন পলাশী মোড়ে এসে ৪/৫ রাউন্ড ফাঁকা গুলী বর্ষণ করে এবং তপন নামে অপর এক ক্যাডারকে মারাত্মকভাবে কুপিয়ে জখম করে। এ ঘটনার পর তারা গাড়ী ও মোবাইল ফোন রেখে দিয়ে শামীম আহমদকে ছেড়ে দেয়।